# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

**BENGALI**

**15 February 2026** **7:35 AM IST**

==========================================================================

(১) আগামী মার্চ মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসাম থেকে শিলচর-শিলং -গৌহাটী হাইস্পীড করিডরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার আজ এক সাংবাদিক সম্মেলনে প্রকাশ ।

(২) আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে আরম্ভ ।

(৩) রাজ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নেবার উদ্দেশ্যে আগামীকাল তিনদিনের সফরসূচীতে নির্বাচন কমিশনের একটি পূর্ণাঙ্গ দল আসামে ।

(৪) মহা শিবরাত্রি উপলক্ষ্যে সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিনজেলায়ও আজ দেবাদিদেব মহাদেবের আরাধনা ।

---

চলতি বছরে আসাম কেন্দ্রীয় সরকার থেকে বেশকয়েকটি গুরুত্বপূর্ন প্রকল্পের জন্য অনুমোদন লাভ করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । আগামী মার্চ মাসে প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী আসাম থেকে শিলচর- শিলং -গৌহাটী হাইস্পীড করিডরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং এই পথটি শিলচর থেকে গৌহাটী পর্যন্ত যাত্রার সময় সাড়ে চার ঘন্টা থেকে ৫ ঘন্টা পর্যন্ত সীমিত করবে বলেও মূখ্যমন্ত্রী জানান । অর্থনৈতিক পরিক্রমা বিভাগের কেবিনেট সমিতির দাখিল করা নুমলীগড় ও গহপুরকে সংযোগ করা জলের নীচে সড়ক ও রেল চলাচলের সুবিধাযুক্ত দ্বৈত সুড়ঙ্গ সম্পর্কে আজকের সাংবাদিক সম্মেলনে বিশেষ গুরুত্ব লাভ করে । ১৮ হাজার ৬৬২ কোটি টাকা ব্যয়ে এই প্রকল্পটি নির্মাণ করা হবে । দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ আসাম বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলনে কেন্দ্রীয় সরকার ৮০ হাজার কোটি টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্প অনুমোদনের জন্য আশ্বাস প্রদান করছিলো এবং এপর্যন্ত ৫৫ হাজার কোটি টাকা প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে ড.শর্মা কিছুদিনের মধ্যে অন্যান্য গুরুত্বপূর্ন প্রকল্পে অনুমোদন লাভ করবে বলেও জানান ।

----**বাইট** --- মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা

---

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে আরম্ভ হবে । রাজ্যপালের ভাষণের মাধ্যমে আরম্ভ হওয়া এই বাজেট অধিবেশন ১৯ ফেব্রুয়ারী পর্যন্ত চলবে । অধিবেশনের দ্বিতীয় দিন ২০২৬-২৭ বর্ষের অর্ন্তবর্তী লেখানুদান বাজেট উত্থাপন করা হবে । আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে পূর্ণাংগ বাজেটের পরিবর্তে অর্থ মন্ত্রী অজন্তা নেওগ লেখানুদান দাখিল করবেন । বাজেট অধিবেশনে পরবর্তী তিন অথবা ছয়মাস রাজ্য চালানোর জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হবে । আগামী মে মাসে নতুন সরকার শপথ নেওয়ার পর পরবর্তী বাজেট দাখিল করা হবে

।১৭ ফেব্রুয়ারী লেখানুদান দাখিলের পর আজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে ।

---

রাজ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নেবার উদ্দেশ্যে আগামীকাল তিনদিনের সফরসূচীতে নির্বাচন কমিশনের একটি পূর্ণাঙ্গ দল আসামে আসবে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে আসা দলটি প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে আলোচনায় মিলিত হবে এবং তাঁরা বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নেবেন । দলটি আগামী মঙ্গলবার বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন সম্পর্কে আলোচনা করবে । দলটি আগামী ১৮ই ফেব্রুয়ারি রাজ্যের একশো জন বুথ পর্যায়ের আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করবেন । এছাড়া রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের সঞ্চালক প্রধানের সঙ্গেও নির্বাচন কমিশনের দলটি আলোচনায় মিলিত হবে । এরপর সেইদিন বিকেলে কমিশনের পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনেরও আয়োজন করা হবে ।

---

ভারতীয় সেনাবাহিনীর কর্পস অব সিগন্যালের আজ ১১৬ তম প্রতিষ্ঠা দিবস । ১৯১১ সালের আজকের দিনটিতে এই কর্পস অব সিগন্যালের প্রতিষ্ঠা করা হয়েছিল ।কর্পস অব সিগন্যাল ভারতীয় সেনার যোগাযোগ ব্যবস্থার সংস্কার সাধন করে একবিংশ শতাব্দীর ডিজিট্যাল বিপ্লবের সঙ্গে সামঞ্জস্য রেখে এগিয়ে যেতে সমর্থ হয়েছে । এদিকে আজ আসাম রাইফেলসের ৬৮ তম প্রতিষ্ঠা দিবস ।আসাম রাইফেলসের ডিরেক্টর জেনারেল লেফটেন্যান্ট জেনারেল বিকাশ লখেরা

আজ এই দিবস উপলক্ষে বাহিনীর সব আধিকারীক ও জওয়ানদের শুভেচ্ছা জানান ।

---

দেশের বিভিন্ন প্রান্তে আজ মহা শিবরাত্রী উপলক্ষে দেবাদিদেব মহাদেবের পূজা অর্চনা করা হচ্ছে ।রাজ্যের ঐতিহ্যবাহী শিব মন্দিরগুলোতেও আজ শিবের আরাধনা করা হচ্ছে । শিবসাগরের ঐতিহাসিক শিবদৌল , তেজপুরের মহা ভেরব মন্দির , গুয়াহাটীর শুক্রেশ্বর মন্দির , নগাঁওয়ের মৃত্যুঞ্জয় মন্দির ইত্যাদিতে শিবরাত্রী উপলক্ষে ভক্তদের ঢল পরিলক্ষিত হচ্ছে ।এদিকে আগামীকাল বিকেল পর্যন্ত চতুর্দশী তিথি থাকায় ভক্তপ্রাণ লোকেরা আগামীকালও মহাদেবের পূজো করবেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে মহাশিবরাত্রী উৎসব পালন করা হচ্ছে ।এ উপলক্ষে শিব মন্দিরগুলোকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । উপত্যকার ঐতিহ্যবাহী শৈবতীর্থ ভুবন তীর্থে মহাশিবরাত্রী উপলক্ষে ভুবন মেলা শুরু হয়েছে । আজ ভোর থেকে পূণ্যার্থীরা ভুবন বাবার দর্শণের জন্য ভুবন পাহাড়ে আরোহন শুরু করেছেন ।তীর্থযাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে কাছাড় জেলা প্রশাসন ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে । পুলিশ প্রশাসনের উদ্যোগে মতিনগর বাজারে একটি অস্থায়ী কন্ট্রোল রুম খোলা হয়েছে । পাহাড়ে চড়ার প্রধান দুটি পথ কৃষ্ণপুর ও মতিনগর রোডে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে । মতিনগর রোডের ভুবননগর দশাবতার মন্দির , ত্রিবেণী ভেরব মন্দির এবং হাটুভাঙ্গা পয়েন্টে চেকপোষ্ট স্থাপন করা হয়েছে । অনুরূপভাবে

কৃষ্ণপুর রোডের গঙ্গানগর পয়েন্ট , প্রণবানন্দ বিদ্যামন্দির সংলগ্ন এলাকা , কৃষ্ণপুর মন্দির পয়েন্ট , হনুমান মন্দির পয়েন্টেও কড়া নজরদারি চালানো হচ্ছে । পাহাড়ের চূড়ায় ভুবন বাবার মন্দির প্রাঙ্গন ও মেলাস্থলে পুরুষ ও মহিলা পুলিশ নিয়োজিত করা হয়েছে । এছাড়াও নেশা জাতীয় দ্রব্য বহন রোধে আসাম আবগারী বিভাগ উভয় পথেই পৃথক চেকপোষ্ট স্থাপন করেছে ।তল্লাশির পরই তীর্থযাত্রীদের পাহাড়ে চড়ার অনুমতি দেওয়া হচ্ছে । তীর্থযাত্রীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য স্বাস্থ্য বিভাগ স্থানে স্থানে বেশ কয়েকটি স্বাস্থ্য শিবির স্থাপন করেছে । আইন শৃঙ্খলা রক্ষায় ম্যেজিস্ট্রেট ও নিয়োগ করা হয়েছে । তীর্থযাত্রীদের সুবিধার্থে প্রয়োজনীয় সবধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে ভুবনতীর্থ উন্নয়ন ও মেলা পরিচালন কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে ।

উপত্যকার প্রাচীন এবং ঐতিহ্যবাহী শিবমন্দির সিদ্ধেশ্বর শিব মন্দিরেও আজ মহাশিবরাত্রী উপলক্ষে মহাদেবের পূজার্চনা করা হচ্ছে । লোক বিশ্বাস অনুযায়ি মহাঋষি কপিল মুনি  এই  মন্দিরটি স্থাপন করেছিলেন ।আজ সকাল থেকেই এই মন্দির প্রাঙ্গনে ভক্তদের ঢল পরিলক্ষিত হচ্ছে । উপত্যকার তিন জেলা ছাড়াও পাশ্ববর্তী রাজ্য ত্রিপুরা , মিজোরাম এবং মণিপুর থেকে বহু ভক্ত মন্দিরে এসে ভগবান শিবের আরাধনা করছেন ।

---

শ্রীভূমি জেলায়ও আজ ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মহা শিবরাত্রী উৎসব পালিত হচ্ছে । আজ জেলার প্রতিটি শিব মন্দিরে ভক্তদের ব্যাপক

সমাগম পরিলক্ষিত হচ্ছে । এদিকে পাঁচগ্রাম থানা এলাকার সিদ্ধেশ্বর শিব মন্দিরে উপচে পড়া ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

হাইলাকান্দি জেলায়ও আজ ধর্মীয় রীতি মেনে মহা শিবরাত্রী পালন করা হচ্ছে । শিবরাত্রী উপলক্ষ্যে জেলার প্রতিটি বাজারে সামগ্রী কেনা-কাটা করতে ভীড় পরিলক্ষিত হচ্ছে । স্থানীয় মন্দিরগুলিতে রাতের পূজা , ভজন কীর্তন এবং আরতির আয়োজন করা হয়েছে ।

---

ধলাই পুলিশ গতকাল অভিযান চালিয়ে একটি ট্রাক থেকে এক লক্ষ ১০ হাজার নিষিদ্ধ ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । পুলিশ এই ঘটনায় জড়িত দুজন লোককে গ্রেপ্তার করেছে ।

---

হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগের উদ্যোগে এবং আসাম স্কিল ডেভোলাপমেন্ট মিশনের সহযোগীতায় গতকাল জেলার কৈয়া মডেল হাইস্কুলে স্কিল যাত্রা তৃতীয় পর্য্যায়ের সূচনা হয়েছে । এই কর্মসূচীতে নবম থেকে দ্বাদশ শ্রেনীর শিক্ষার্থীদের শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষতা প্রশিক্ষন সর্ম্পকে সচেতন করা হয় এবং ভবিষ্যত ক্যারিয়ার গড়তে উৎসাহিত করা হয় । উল্লেখ্য মোবাইল সচেতনতা ভ্যান , ক্যারিয়ার কাউন্সিলিং এবং ডিজিটেল সাইকোমেট্রিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে দক্ষতা উন্নয়ন সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি করা , নিয়োগ যোগ্যতা বাড়ানো এবং আত্ম-নির্ভশীলতা প্রচার করাই এই কর্মসূচীর মূল্য উদ্দেশ্য । জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক তাপস দত্ত পতাকা নেড়ে স্কিল ভ্যানের যাত্রা করেন । এছাড়া কর্মসূচীতে স্কিল ডেভোলাপমেন্ট মিশন শাখার ডি পি এম পিনাক চৌধুরী , জেলার তথ্য ও জনসংযোগ বিভাগের পক্ষে এল বিশ্বরাজ সিংহ প্রমূখ উপস্থিত ছিলেন ।